গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
উপ-পরিচালক (প্রশাসন)
www.bnswc.gov.bd

স্মারক নম্বর: ৪১.০৩.০০০০.০৮১.৩২.০০৩.১৭.১১ তারিখ: ১৬ ভাদ্র ১৪২৯
৩১ আগস্ট ২০২২

বিষয়: **নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংগঠনসমূহে ২০২২-২০২৩ অর্থবছরের অনুদান**

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংগঠনসমূহের অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে 'দৈনিক ইত্তেফাক', 'দৈনিক আমাদের সময়' এবং 'দৈনিক দেশ রূপান্তর' পত্রিকায় ২২.০৮.২০২২ খ্রি. তারিখ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে (বিজ্ঞপ্তি সংযুক্ত)। এ সম্পর্কিত নিয়মাবলী নিম্নরূপ :

১। তাঁর জেলার মোট বরাদ্দের পরিমাণ ...............................................(..................................................) এবং এ বরাদ্দই সংগঠনের অনুকূলে সুপারিশ করতে হবে;

২। অনুদান প্রাপ্তির জন্য আগ্রহী সংগঠনসমূহকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে ;

৩। পরিষদের ওয়েব সাইট (www.bnswc.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোড করে আবেদন করতে হবে। আবেদন ফরমের ফটোকপিও ব্যবহার করা যাবে ;

৪। রোগীকল্যাণ সমিতি, শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদ, অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি এবং নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের ক্ষেত্রে 'আবেদন ফি' ১০০/-(একশত) টাকা;

৫। সংগঠনসমূহ কর্তৃক আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ৩১ অক্টোবর, ২০২২ খ্রি.;

৬। 'অনুদান বন্টন নীতিমালা-২০১১' অনুযায়ী আবেদনপত্রসমূহ প্রক্রিয়াকরণের সময়সূচি নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ে জমা দেয়ার সর্বশেষ তারিখ | ৩১ অক্টোবর, ২০২২ খ্রি. |
| (খ) | আবেদনপত্রসমূহে উপজেলা সমাজকল্যাণ কমিটি/শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদের মতামতসহ জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালকের নিকট জমা দেয়ার সর্বশেষ তারিখ | ৩০ নভেম্বর, ২০২২ খ্রি. |
| (গ) | জেলা সমাজকল্যাণ কমিটির মতামতসহ সকল আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কার্যালয়ে প্রেরণের সর্বশেষ তারিখ | ৩১ ডিসেম্বর, ২০২২ খ্রি. |

৭। নির্ধারিত সময়সীমার পরে প্রাপ্ত আবেদনপত্র অনুদানের জন্য বিবেচনা করা হবে না;

৮। অনুদান প্রদানের ক্ষেত্রে 'অনুদান বন্টন নীতিমালা-২০১১' অনুসরণ করতে হবে;

(ক) আবেদনকারী সংগঠনকে অবশ্যই মোবাইল নম্বর; সংগঠনের অনলাইন ব্যাংক হিসাবের নাম, হিসাব নম্বর, ব্যাংকের নাম, শাখা, শাখার রাউটিং নম্বর, ব্যাংক সনদসহ আবেদন করতে হবে;

(খ) আবেদনপত্রসমূহ প্রক্রিয়াকরণের সময়সূচি অনুযায়ী যথাসময়ে উপজেলা ও জেলা সমাজকল্যাণ কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন গ্রহণ করতে হবে ;

(গ) নির্ধারিত সময়ে আবেদনপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র সংগঠনের বিপরীতে অনুদানের অর্থের পরিমাণ উল্লেখপূর্বক সুপারিশসহ পরিষদ কার্যালয়ে প্রেরণ করতে হবে; এবং

(ঘ) উপজেলা ও জেলায় প্রাপ্ত আবেদনপত্র পুংখানুপুংখরূপে যাচাই বাছাই করে ‘অনুদান বন্টন নীতিমালা-২০১১’ অনুযায়ী অনুদানের সুপারিশ করতে হবে।

৯। জেলা সমাজকল্যাণ কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল আবেদন **‘সংযুক্ত ছক’ (পরিশিষ্ট- ‘ক’ ও ‘খ’)** অনুযায়ী একীভূত বিবরণীসহ নিকস ফন্টে প্রস্তুত করে ই-মেইলে (bnswcbd@gmail.com) ও হার্ড কপি ০৩(তিন) সেট ৩১-১২-২০২২ খ্রি. তারিখের মধ্যে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ট্রপিক্যাল হোমস, এনএমজি টাওয়ার (১২ তলা), ২২৪/১ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০ এ ঠিকানায় বিশেষ বাহক মারফত প্রেরণ করতে হবে;

১০। অসম্পূর্ণ এবং নীতিমালার পরিপন্থী আবেদনপত্র বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত;


১১। ‘আবেদন ফি’ বাবদ আদায়কৃত সমূদয় অর্থ নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে তালিকার সাথে প্রেরণ করতে হবে;

১২। এমতাবস্থায়, ২০২২-২০২৩ অর্থবছরের অনুদানের জন্য প্রাপ্ত আবেদন ‘অনুদান বন্টন নীতিমালা-২০১১’ অনুযায়ী বর্ণিত নিয়মাবলী/শর্তাবলীর আলোকে সুপারিশসহ যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

* পরিষদের ওয়েব সাইট : www.bnswc.gov.bd

* ই-মেইল : bnswcbd@gmail.com

* ফোন নম্বর : ০২-২২২২২৮১২৫ (অফিস সময়)



৩১-৮-২০২২
মোহাম্মদ জসিম উদ্দিন
নির্বাহী সচিব
ফোন: 9348125
ফ্যাক্স: 9336742
ইমেইল: bnswcbd@gmail.com

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়


স্মারক নম্বর: ৪১.০৩.০০০০.০৮১.৩২.০০৩.১৭.১১/১(১৮৪)

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৯
৩১ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক (সকল)

২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)



৩১-৮-২০২২
মোহাম্মদ জসিম উদ্দিন
নির্বাহী সচিব

রেজিষ্ট্রেশন ও কার্যক্রম শাখা

www.dss.dinajpur.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.২৭০০.০০০.১৬.০১৫.২০.১৯৩

তারিখ: ৩ আশ্বিন ১৪২৯
১৮ সেপ্টেম্বর ২০২২

বর্ণিত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এবং সংযুক্ত ছক মোতাবেক চাহিত তথ্যাদি ১৬/১০/২২ তারিখের মধ্যে ২(দুই) ফর্দ করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৯-৯-২০২২
মো: আবু বক্কর সিদ্দীক
উপ পরিচালক
ফোন: ০২৫৮৯৯২৫১৯৬
ইমেইল: dd.dinajpur@dss.gov.bd

১) সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, দিনাজপুর
২) উপজেলা সমাজসেবা অফিসার (সকল),
.........................................., দিনাজপুর।
৩) প্রবেশন অফিসার, জেলা সমাজসেবা কাযালয়, দিনাজপুর
৪) সমাজসেবা অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, দিনাজপুর
৫) সমাজসেবা অফিসার ,এম. আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর

স্মারক নম্বর: ৪১.০১.২৭০০.০০০.১৬.০১৫.২০.১৯৩/১

তারিখ: ৩ আশ্বিন ১৪২৯
১৮ সেপ্টেম্বর ২০২২

সদয় জ্ঞাতার্থে অনুলিপি:
১) নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ , ঢাকা
২) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, রংপুর
৩) অফিস নথি

১৯-৯-২০২২
মো: আবু বক্কর সিদ্দীক
উপ পরিচালক